

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩৬
আগরতলা, ২৪ মে, ২০২৩

মধ্যপ্রদেশের অ্যাথলেট আশা মালভিয়া সাইকেলে আগরতলায়

মধ্যপ্রদেশের রাজঘর জেলার নাটারাম গ্রামের বাসিন্দা বিভিন্ন জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারী অ্যাথলেট আশা মালভিয়া সাইকেলে দেশব্যাপী ভ্রমণে বেড়িয়ে আজ আগরতলা এসে পৌঁছেছেন। তিনি বিকেলে পশ্চিম জেলার জেলাশাসক দপ্তরে ভারপ্রাপ্ত জেলাশাসক রজত পন্তুর সাথে সাক্ষাত করেন। উল্লেখ্য, মহিলাদের নিরাপত্তা এবং মহিলাদের ক্ষমতায়নের বিষয়টিকে সামনে রেখে ২০২২ সালের ১ নভেম্বর মধ্যপ্রদেশের ভোপাল থেকে আশা মালভিয়া সাইকেল যাত্রা শুরু করেন। ইতিমধ্যেই তিনি ১৯টি রাজ্যে ১৬,৬০০ কিলোমিটার পথ সাইকেল চালিয়ে পরিক্রমা করে আজ আগরতলা এসে পৌঁছেছেন। ২৮টি রাজ্য ভ্রমণ করার পর এবছরের ১৫ আগস্ট দিন্মিতে তার এই যাত্রা শেষ হবে।
